# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

## হাদিস নাম্বারঃ ১৫৪৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৪৭]

পর্ব-১৮: ভয়কালীন সালাত (كتاب صلاة الخوف)

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْمِقْدَامِ، قال: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، قال: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَبْدِ اللَّهِ الْمَسْعُودِيُّ، قال: أَنْبَأَنِي يَزِيدُ الْفَقِيرُ، أَنَّهُ سَمِعَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، قال: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُقِيمَتِ الصَّلَاةُ: فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَامَتْ خَلْفَهُ طَائِفَةٌ وَطَائِفَةٌ مُوَاجِهَةَ الْعَدُوِّ، فَصَلَّى بِالَّذِينَ خَلْفَهُ رَكْعَةً وَسَجَدَ بِهِمْ سَجْدَتَيْنِ ثُمَّ إِنَّهُمُ انْطَلَقُوا فَقَامُوا مَقَامَ أُولَئِكَ الَّذِينَ كَانُوا فِي وَجْهِ الْعَدُوِّ، وَجَاءَتْ تِلْكَ الطَّائِفَةُ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَةً وَسَجَدَ بِهِمْ سَجْدَتَيْنِ، ثُمَّ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَلَّمَ فَسَلَّمَ الَّذِينَ خَلْفَهُ وَسَلَّمَ أُولَئِكَ .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح الإسناد)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1547 ـ صحيح الإسناد

বাংলা

১৫৪৬. আহমাদ ইবনুল মিক্বদাম (রহ.) ..... জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একবার রসূলুল্লাহ (সা.) -এর সাথে ছিলাম, এমতাবস্থায় সালাতে ইক্বামাত দেয়া হলো। তখন রসূলুল্লাহ (সা.) দাঁড়িয়ে গেলেন এবং তার পিছনে একটি দল দাঁড়িয়ে গেল। আর একটি দল শত্রুর মুখোমুখি। তখন রসূলুল্লাহ (সা.) যারা তার পিছনে ছিল তাঁদের নিয়ে একটি রুকূ' এবং দু'টি সাজদাহ করলেন। অতঃপর এরা চলে গেল এবং যারা শত্রুর মুখোমুখি ছিল, তাদের স্থানে দাঁড়িয়ে গেল। আর ঐ দল যারা শত্রুর মুখোমুখি ছিল, তারা এসে গেল। তখন রসূলুল্লাহ (সা.) তাঁদের নিয়ে একটি রুকূ এবং দু'টি সাজদাহ করলেন। অতঃপর রসূলুল্লাহ (সা.) সালাম ফিরালে তার পিছনে থাকা দল এবং অন্যরাও সালাম ফিরালো।

## English

Jabir bin Abdullah said: We were with the Messenger of Allah (ﷺ) and the Iqamah for prayer was said. The Messenger of Allah (ﷺ) stood up and one group stood behind him while another group faced the enemy. He led those who were behind him in prayer, bowing once and prostrating twice. Then they went and took the place of those who had been facing the enemy, and that group came and the Messenger of Allah (ﷺ) led them in prayer, bowing once and prostrating twice. Then the Messenger of Allah (ﷺ) said the taslim and those who were behind him said the taslim, as did the other group.

## ফুটনোট

সহীহ: নাসায়ী’র “সুনানুল কুবরা" ১৯৩৪, সহীহ ইবনু খুযায়মাহ ১৩৬৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন